

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৯৪

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর নামসমূহ ও গুণাবলি

اَلْفصنْلُ التَّنِفْ (بَابِ أَسْمَاءِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِفَاته)

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةً قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي لَيْلَةٍ إِضْحِيَانٍ فَجَعَلْتُ أَنْظُرُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِلَى الْقَمَرِ وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ فَإِذَا هُوَ أَحْسَنُ عِنْدِي مِنَ الْقَمَرِ. رَوَاهُ التِّرْمِذِيِّ والدارمي

اسناده ضعیف ، رواه الترمذی (2811 وقال: حسن غریب) و الدارمی (1 / 30 ح 58) * فیم اشعث بن سوار: ضعیف و ابو اسحاق مدلس و عنعن ـ (ضعیف)

বাংলা

৫৭৯৪-[১৯] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি চাঁদনি রাতে নবী (সা.) -কে দেখলাম। অতঃপর একবার রাসূলুল্লাহ (সা.) -এর দিকে তাকাতাম আর একবার চাঁদের দিকে। সে সময় তিনি (সা.) লাল বর্ণের পোশাক পরিহিত অবস্থায় ছিলেন। তখন তাকে আমার কাছে চাঁদের তুলনায় অধিকতর সুন্দর মনে হলো। (তিরমিয়ী ও দারিমী)

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ২৮১১, দারিমী ৫৭, আশ'আস ইবনু সিওয়ার য'ঈফ; আস সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৯৬৪০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: চাঁদনী রাত ছিল। যে রাতে আকাশে মেঘের কোন চিহ্ন ছিল না। সে রাতে আমি তুলনা করতে চাইলাম যে,



রাসূলুল্লাহ (সা.) -এর চেহারা অধিক সুন্দর, না আকাশের চাঁদ অধিক সুন্দর। আমি বারবার আকাশে ও রাসূলুল্লাহ (সা.) -এর চেহারার দিকে তাকালাম আমার নিকট এটাই পরিষ্কার হলো যে, চাঁদের চেয়েও রাসূলুল্লাহ (সা.)-এর চেহারা অধিক সুন্দর। (মিরক্রাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন